

## সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৫৮০

১২. কিতাবুস সিয়াম (کتاب الصوم)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বক্তব্য "তুমি কি এই মাসের শেষের দিকে কোন সিয়াম রেখেছো?" এর দ্বারা উদ্দেশ্য হলো শা'বান মাসের শেষের দিকে

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ قَوْلَهُ صلى الله عليه وسلم: (أصمُنتَ مِنْ سَرَرِ هَذَا الشَّهْرِ) أَرَادَ بِهِ سِرَار شَعْبَانَ

## আরবী

3580 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّتَنَا عَبْدُ الْأَعْلَى بْنُ حَمَّادٍ قَالَ: أَخْبَرَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ ثَابِتِ عَنْ مُطَرِّفٍ عَنْ عِمْرَانَ بْنِ حُصنيْنٍ أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ لَهُ ـ أَوْ لِرَجُلٍ ـ: (أصنُمْتَ مِنْ سَرَرِ شَعْبَانَ شَيْئًا؟ قَالَ: لَا قَالَ: (فَإِذَا أَفطرت فصنُمْ يومين)

الراوي: عِمْرَان بْن حُصَيْنٍ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3580 ا خلاصة حكم المحدث: صحيح \_ ((صحيح أبي داود)) (2016): ق.

قَالَ أَبُو حَاتِمٍ: قَوْلُهُ صلى الله عليه وسلم: (أصمُمْتَ مِنْ سَرَرِ هَذَا الشَّهْرِ) لفظةُ اسْتِخْبَارٍ عَنْ فَعَلٍ مُرَادُهَا الْإِعْلَامَ بِنَفْي جَوَازِ اسْتِعْمَالِ ذَلِكَ الْفِعْلِ الْمُسْتَخْبَرِ عَنْهُ كَالْمُنْكِرِ عَلَيْهِ لَوْ فَعَلَهُ وَهَذَا كَقَوْلِهِ صلى الله عليه وسلم لِعَائِشَةَ: (أَتَسْتُرين الْجِدَار) كَالْمُنْكِرِ عَلَيْهِ لَوْ فَعَلَهُ وَهَذَا كَقَوْلِهِ صلى الله عليه وسلم بِصَوْمٍ يَوْمَيْنِ مِنْ أَرَادَ بِهِ الْإِنْكَارِ عَلَيْهَا بِلَفْظِ الاسْتِخْبَارِ وَأَمَرَهُ صلى الله عليه وسلم بِصَوْمٍ يَوْمَيْنِ مِنْ شَوَّالٍ أَرَادَ بِهِ أَنَّهَا السِّرارِ وَذَلِكَ أَنَّ الشَّهْرَ إِذَا كَانَ تِسْعًا وَعِشْرِينَ يَسْتَتِرُ الْقَمَرُ يَوْمَيْنِ وَالْوَقْتُ الَّذِي خَاطَبَ صلى الله عليه وسلم بِهَذَا الْخِطَابِ يُشْبِهُ أَنْ يَكُونَ عَدَدُ شَعْبَانَ كَانَ ثَلَاثِينَ مِنْ أَجْلِهِ أَمَرَ بِصَوْمٍ يَوْمَيْنِ وَالْوَقْتُ النَّذِينَ مِنْ أَجْلِهِ أَمْرَ بِصَوْمٍ يَوْمَيْنِ وَالْوَقْتُ اللهِ عليه وسلم بِهَذَا الْخِطَابِ يُشْبِهُ أَنْ يَكُونَ عَدَدُ شَعْبَانَ كَانَ ثَلَاثِينَ مِنْ أَجْلِهِ أَمْرَ بِصَوْمٍ يَوْمَيْنِ مَنْ أَجْلِهِ أَمْرَ بِصَوْمٍ يَوْمَيْنِ مِنْ شُوال.



## বাংলা

৩৫৮০. ইমরান বিন হুসাইন রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে অথবা অন্য এক ব্যক্তিকে বলেছেন, "তুমি কি এই মাসের শেষের দিকে কোন সিয়াম রেখেছো?" সে ব্যক্তি জবাবে বলেন, "জ্বী, না।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "যখন তুমি (কোন মাসে) সিয়াম না রাখবে, তখন (অন্তত) এক, দুইদিন সিয়াম রাখবে।"[1]

আবৃ হাতিম ইবনু হিবান রহিমাহুল্লাহ বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বক্তব্য "তুমি কি এই মাসের শেষের দিকে কোন সিয়াম রেখেছো?" এখানে একটি কাজ সম্পর্কে জানতে চাওয়া হয়েছে এর দ্বারা উদ্দেশ্য হলো এই ধরণের কাজ সম্পর্কে নিষেধাজ্ঞা জানিয়ে দেওয়া। যেন বিষয়টি এমন যে, যদি সে ব্যক্তি এমন করতো, তবে তিনি ইনকার (অগ্রাহ্য করা) করতেন। এটা ঐ কথার মতোই, যেখানে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহাকে বলেছিলেন, "তুমি কি দেয়ালের সাথে পর্দা করো?" এখানে তিনি প্রশ্ন করার দ্বারা উদ্দেশ্য সেই কাজ ইনকার করা।

তিনি সেই ব্যক্তিকে তাকে শা'বান মাসে দুই দিন সিয়াম রাখার নির্দেশ দিয়েছিলেন। এর দ্বারা উদ্দেশ্য হলো মাসের শেষের দিকে। কারণ মাস যখন ২৯ দিনে হয়, তখন চন্দ্র একদিন লুকায়িত থাকে। আর মাস যখন ৩০ দিনে হয়, তখন চন্দ্র দুইদিন লুকায়িত থাকে। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে যেই সময়ে এই কথা বলেছিলেন, খুব সম্ভব সেই মাস ৩০ দিনের ছিল। এজন্য রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে দুইদিন সিয়াম রাখার নির্দেশ দিয়েছিলেন।"

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৪/৪২৮; দারেমী: ২/১৮; সহীহুল বুখারী: ১৯৮৩; সহীহু মুসলিম: ১১৬১; আবূ দাউদ: ২৩২৮; সুনান বাইহাকী: ৪/২১০; খাত্তাবী, মাআলিমুস সুনান: ২/৯৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ২০১৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ ইমরান ইবনু হুসায়ন (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন